যায়যায়দিন

তারিখ 2 3 JUN 2010
পৃষ্ঠা ৩ কলাম ২

# রাজনৈতিক বিবেচনায় এমপিওভুক্তি করা হয়নি : শিক্ষামন্ত্রী

যাযাদি রিপোর্ট

বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের এমপিওভুক্তি (মান্থলি পেমেন্ট অর্ডার) রাজনৈতিক বিবেচনায় করা হয়নি। এ ক্ষেত্রে ওই শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার মানকে গুরুত্ব দেয়া হয়েছে। মঙ্গলবার রাজধানীর আজিমপুর গার্লস স্কুল অ্যান্ড কলেজে ঢাকা-৭ আসনের এসএসসি ও সমমান পরীক্ষায় জিপিএ-৫ প্রাপ্ত মেধাবী শিক্ষার্থীদের সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ একথা বলেন।

ভিকারুননিসা নূন স্কুল অ্যান্ড কলেজের অধ্যক্ষ হোসনে আরা বেগমের সভাপতিত্বে সংবর্ধনা অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন ঢাকা-৭ আসনের এমপি ডা. মোস্তফা জালাল মহিউদ্দিন। অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী বলেন, বর্তমান সরকারের প্রণীত শিক্ষানীতি কোনো রাজনৈতিক শিক্ষানীতি নয়; বরং এটি একটি জাতীয় শিক্ষানীতি। এটি বাস্তবায়ন এখন সরকারের সবচেয়ে বড় চ্যালেঞ্জ উল্লেখ করে তিনি বলেন, প্রতিটি শিক্ষানীতির বিরুদ্ধে আন্দোলন হলেও এবারের শিক্ষানীতি নিয়ে তা হয়নি। তিনি আরো বলেন, আধুনিক শিক্ষাব্যবস্থা প্রতিষ্ঠা করতে সরকার বদ্ধপরিকর।